দেশের গ্রামীণ এলাকায় ব্যাঙ্কিং পরিষেবায় নতুন দিগন্ত খুলে দেবে ইন্ডিয়া পোস্ট পেমেন্টস্ ব্যাঙ্ক

নয়াদিল্লি, ৬ জানুয়ারি : চলতি বছরের এপ্রিল মাসের মধ্যে ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের (আইপিপিবি) প্রস্তাবিত ৬৫০টি শাখাই চালু হয়ে যাবে। বুধবার এক প্রশ্নের উত্তরে লোকসভায় এ কথা জানিয়েছেন কেন্দ্রীয় যোগাযোগ প্রতিমন্ত্রী মনোজ সিনহা। তিনি আরও জানিয়েছেন, গত বছর ২০ জানুয়ারি রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে আইপিপিবি'র লাইসেন্স মেলার পর গত বছর রায়পুর এবং রাঁচিতে দু'টি পাইলট শাখা খোলা হয়েছিল। কিন্তু তার পরে নানা কারণে চলতি অর্থবর্ষে আর কোনও শাখা খোলা সম্ভব হয়ে ওঠেনি। কিন্তু সব বাধা কাটিয়ে আগামী চার মাসের মধ্যে গোটা দেশের দেড় লক্ষেরও বেশি পোস্ট অফিসে ধীরে ধীরে রিজার্ভ ব্যাঙ্কের দেওয়া গাইডলাইন মেনে আইপিবি'র শাখা খোলার কাজ সম্পন্ন হয়ে যাবে। পোস্ট অফিসগুলিকে পেমেন্টস ব্যাঙ্কের বিজনেস করেসপন্ডেন্ট হিসাবে লিঙ্ক করা হবে। যেখানে ব্যাঙ্কিং পণ্য ও পরিষেবার সুবিধা নিতে পারবেন গ্রাহকরা। প্রসঙ্গত, ৮০০ কোটি টাকা দিয়ে ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক খোলার প্রস্তাবে ইতিমধ্যেই সায় দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

শুধু পোস্ট অফিসের পরিসরে স্থিত আইপিপিবি'র শাখাতেই যে এর পরিসর বেঁধে রাখতে চায় না কেন্দ্র, তাও স্পস্ট করে দিয়েছেন মন্ত্রী। তিনি জানিয়েছেন, দেশের একাধিক অন্য ব্যাঙ্ক ও আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে কথাবার্তা চলছে। একাধিক এই জাতীয় প্রতিষ্ঠান আইপিপিবি'র সঙ্গে গাঁটছড়া বাঁধতে আগ্রহও প্রকাশ করেছে। যাদের সঙ্গে আলোচনাও শুরু হয়েছে। মন্ত্রীর কথায়, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (পিএনবি) এবং পিএনবি মেটলাইফ ইন্ডিয়া ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড-এর সঙ্গে ইতিমধ্যেই মউ স্বাক্ষর সম্পাদন হয়েছে আইপিপিবি'র। বাকিদের সঙ্গে কথাবার্তা চলছে। প্রসঙ্গত উল্লেখ্য, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩'র ধারা অনুযায়ী ২০১৬ সালের ১৭ আগস্ট আইপিপিবি একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে গঠিত হয়, ডাক বিভাগের অধীনে থেকে যার ১০০ শতাংশ শেয়ারই কেন্দ্রের মালিকানাধীন। কেন্দ্রীয় টেলিকমমন্ত্রী রবিশঙ্কর প্রসাদ জানিয়েছেন, বর্তমানে সারা দেশে বিভাগের অধীনে থেকে যার ১০০ শতাংশ শেয়ারই কেন্দ্রের মালিকানাধীন। কেন্দ্রীয় টেলিকমমন্ত্রী রবিশঙ্কর প্রসাদ জানিয়েছেন, বর্তমানে, সারা দেশে ১.৫৪ লক্ষ পোস্ট অফিস রয়েছে যেগুলির মধ্যে ১.৩৯ পোস্ট অফিসই গ্রামাঞ্চলে। এই গ্রামীণ অফিসগুলির সঙ্গে সংযুক্ত করা হবে ওই পোস্ট ব্যাঙ্কের ওই ৬৫০ শাখাকে।

এরই মধ্যে, কর্পোরেট বিষয়ক মন্ত্রকের সচিব ইন্তেজি শ্রীনিবাস জানিয়েছেন, আইপিপিবি'র মাধ্যমে দেশের গ্রামীণ এলাকার ব্যাঙ্কিং পরিষেবার নতুন দিগন্ত খুলে যাবে। আইপিপিবি'র কর্মীদের পেমেন্টস্ ব্যাঙ্কিং-এর কাজকর্মের খুঁটিনাটি সম্পর্কে অবহিত করতে ইতিমধ্যেই ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স-এর চুক্তি করেছে আইপিপিবি। দেশের প্রায় সমস্ত জেলায় পরিষেবা দেওয়ার জন্য নতুন ৬৫০ শাখা খোলার প্রথম পদক্ষেপ হিসেবে এর জন্য কর্মী নিয়োগের প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে বলে জানিয়েছেন শ্রীনিবাস। আগামী কয়েক মাসে প্রায় ৩,৫০০ কর্মী নিয়োগও করা হবে বলে জানিয়েছেন তিনি।

বিশ্ব ব্যাঙ্ক এবং বার্কলেজ সমেত প্রায় ৪০টি আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান পেমেন্টস্ ব্যাঙ্ক চালানোয় ভারতীয় ডাক বিভাগের সহযোগী হওয়ার ইচ্ছা প্রকাশ করেছে। অন্যদিকে, পেমেন্টস্ ব্যাঙ্ক খোলার জন্য ম্যাকেঞ্জি, কেপিএমজি, আর্নস্ট অ্যান্ড ইয়ং এবং প্রাইজওয়াটারহাউসকুপার্স সমেত ছয় উপদেষ্টার নাম চূড়ান্ত তালিকার জন্য বাছাই করা হয়েছে। দেশের যে সমস্ত ব্যক্তির কোনও ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই বা ব্যাঙ্কের পরিষেবা যে সমস্ত প্রত্যন্ত এলাকায় পৌঁছোয় না প্রাথমিকভাবে সেই ব্যক্তি এবং এলাকাগুলিতেই ব্যাঙ্কি পরিষেবা দেওয়ার কাজ করবে ভারতীয় ডাক বিভাগের পেমেন্ট ব্যাঙ্ক। আমানত গচ্ছিত রাখা এবং রেমিট্যান্স পরিষেবা দেওয়ার কাজ করবে ভারতীয় ডাক বিভাগের পেমেন্ট ব্যাঙ্ক। আমানত গচ্ছিত রাখা এবং রেমিট্যান্স পরিষেবা দেওয়ার মধ্যেই এই ব্যাঙ্কের প্রাথমিক সীমিত রাখা হবে। রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশিকা অনুযায়ী, পেমেন্ট ব্যাঙ্কগুলি গ্রাহকদের কাছ থেকে সর্বোচ্চ ৯ লক্ষ টাকা আমানত নিতে পারবে এবং এটিএম/ডেবিট কার্ড ইস্যু করতে পারবে। যদিও ক্রেডিট কার্ড ইস্যু করতে পারবে না পেমেন্ট ব্যাঙ্কগুলি। সীমিত পরিসরে আমানত জমা নেওয়া ও রেমিটান্স পরিষেবা দিতে পারলেও ঋণ দিতে পারবে না পেমেন্ট ব্যাঙ্কগুলি, নির্দেশিকায় জানিয়েছে রিজার্ভ ব্যাঙ্ক। ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক বৈদ্যুতিন পদ্ধতিতে লেনদেন প্রক্রিয়া চালানোর পাশাপাশি ব্যাঙ্কি এবং রেমিট্যান্স পরিষেবাও দেবে। এছাড়াও, তৃতীয় কোনও আর্থিক পরিষেবা সংস্থা বা ব্যাঙ্কের মাধ্যমে বিমা, মিউচুয়াল ফান্ড, পেনশন বিক্রি করতে পারবে এই পেমেন্ট ব্যাঙ্ক। সরকারি ভর্তুকি সাধারণের কাছে পৌঁছে দেওয়ার প্রকল্প বা ডিরেক্ট বেনিফিট ট্রান্সফার দেখভালের দায়িত্ব সম্পূর্ণভাবে ভারতীয় ডাক বিভাগের অন্তর্গত পোস্ট ব্যাঙ্কের হাতে তুলে দেওয়া হতে পারে।

রিজার্ভ ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী, কোনও ধরনের ঋণ ও ক্রেডিট কার্ড দেওয়া ছাড়া সব ধরনের আমানত, মানি ট্রান্সফার, মোবাইল ওয়ালেট, প্রিপেড পেমেন্ট কার্ড, ডেবিট কার্ড প্রভৃতি আর্থিক পরিষেবা দিতে পারবে পেমেন্ট ব্যাঙ্কগুলি। ইতিমধ্যেই গোটা দেশে বেশ কয়েকটি এটিএম বসিয়েছে ভারতীয় ডাক বিভাগ এবং বিভিন্ন পোস্ট অফিসে কোর ব্যাঙ্কিং সলিউশন (সিবিএস) চালু করা হয়েছে। ডাক বিভাগের লক্ষ্য, দেশের পোস্ট অফিসগুলিকে একটি কম্পিউটার নেটওয়ার্কের আওতায় নিয়ে আসা।

ইস্ট-ওয়েস্ট মেট্রোর প্রথম কোচটি এসে পৌঁছল কলকাতায়

আকাশ বিশ্বাস

মেক ইন ইন্ডিয়ার অন্যতম সাফল্য কলকাতা মেট্রোর নতুন চালকবিহীন রেক। ইস্ট-ওয়েস্ট মেট্রোর জন্য তৈরি এই চালকবিহীন মেট্রোর রেক জনসধারণের দেখার জন্য খুলে দিল কলকাতা মেট্রো। সল্টলেকে রাখা থাকবে চালকবিহীন এই মেট্রোর রেক। নতুন ও আধুনিক এই মেট্রোর রেকে যাত্রী নিরাপত্তা সম্পূর্ণ সুরক্ষিত থাকবে বলে দাবি করেছে কলকাতা মেট্রোর আধিকারিকরা। কলকাতা মেট্রো রেলের চিফ ইঞ্জিনিয়র প্রসেনজিৎ চক্রবর্তী জানিয়েছেন, ইস্ট-ওয়েস্ট মেট্রোর চালকবিহীন ট্রেনে ২০৬৮ জন যাত্রী একসঙ্গে যাতায়াত করতে পারবেন। ২৬৮ জন যাত্রীর বসার ব্যবস্থা করা হচ্ছে। প্রতি স্কোয়ার মিটারে ৪ জন ব্যক্তি দাঁড়াতে পারবেন। সর্বনিম্ন আড়াই মিনিটের দূরত্ব বজায় রেখে চলবে ট্রেনগুলি। অটোমেটিক মোডে সেন্ট্রাল সার্ভিলেন্স সিস্টেম এর মাধ্যমে চালানো হবে নতুন রেকগুলি। দুর্ঘটনা ঘটলে সুরক্ষার জন্য নিজে থেকেই খুলে আসবে এয়ার ব্যাগ যা দুর্ঘটনাজনিত আঘাতের পরিমাণ কমিয়ে দেবে। এছাড়াও বিকলাঙ্গদের জন্য হুইল চেয়ারের মাধ্যমে সরাসরি ট্রেনে ওঠার ব্যবস্থা থাকছে। গোটা ট্রেনে একজন ব্যক্তি মোতায়েন থাকবেন যিনি সমস্যাগুলি দেখবেন। মোদীর মেক ইন ইন্ডিয়া প্রকল্পের অন্যতম সাফল্য নতুন চালকবিহীন মেট্রো, দাবি কলকাতা মেট্রো রেলের। এটি সম্পূর্ণ ভাবে তৈরি হয়েছে ভারতীয় টেকনোলজিতে। কলকাতায় পৌঁছল ইস্ট ওয়েস্ট মেট্রোর প্রথম কোচটি। বৃহস্পতিবার বেঙ্গালুরু থেকে কলকাতা এসে পৌঁছয় প্রথম কোচটি। আপাতত এই কোচটি দিয়েই সেক্টর পাঁচ থেকে ফুলবাগান পর্যন্ত পরীক্ষামূলক ট্রেন চলাচল শুরু করতে চায় মেট্রো রেল কর্তৃপক্ষ।

GOVERNMENT OF WEST BENGAL
RANAGHAT SUB-DIVISION, P.H. ENGINEERING DIRECTORATE
ABRIDGED TENDER NOTICE
Tender Notice invited by the Assistant Engineer, Ranaghat Sub-Division, under Nadia Division, P.H.E. Dte., D.C. Building, Kalyani, Nadia, PIN-741235.
NIT. No. 29/RSD of 2017-2018 (Sl. No. 01 to 03) circulated vide No. 14/RSD dated 03-01-2018 for
(Sl. No.-01) Special reparing, cleaning & other allide works at different locations of FULIA TOWNSHIP Water supply scheme, under Ranaghat Sub-Division, P.H.E. Dte.
(Sl. No.-02) Supplying, fitting and fixing of G.I. pipes for road crossing at different location of Gangnapur Water Supply Scheme under Ranaghat Sub-Division, P.H.E. Dte.
(Sl. No.-03)
(PART-A) Water Supply arrangement to schools through Street Stand Posts under the Command area of Existing PWSS under Hanskhali Block under Nadia Division, PHE Dte.(For 12 Nos. school)
(PART-B) Water Supply arrangement to schools through Street Stand Posts under the Command area of Existing PWSS under Hanskhali Block under Nadia Division, PHE Dte.(For 6 Nos. school)
Last date of application 08-01-2018 up to 2.00 P.M.
As details regarding the work may by collected from the office of the undersigned and Departmental Website wbphed.gov.in
Sd/-
Assistant Engineer
Ranaghat Sub-Division
P.H. Engineering Dte.

ন্যূনতম ব্যালেন্সের হার কমাচ্ছে এসবিআই

নয়াদিল্লি, ৬ জানুয়ারি : বর্তমানে ভারতীয় স্টেট ব্যাঙ্কের শহরাঞ্চলের শাখায় সেভিংস অ্যাকাউন্ট থাকলে সেখানে ন্যূনতম ব্যালেন্স ৩০০০ টাকা থাকা বাধ্যতামূলক। কিন্তু সম্প্রতি কেন্দ্রীয় সরকারের চাপে পড়ে টাকার এই অঙ্ক কমানোর কথা ভাবছে স্টেট ব্যাঙ্ক।

তবে শুধু ন্যূনতম ব্যালেন্স কমানোই নয়, আগামীদিনে মাসিক গড় ব্যালেন্স পাল্টে হতে পারে ত্রৈমাসিক গড় ব্যালান্স। প্রকাশিত তথ্য অনুযায়ী ২০১৭ সালের এপ্রিল থেকে নভেম্বর মাস পর্যন্ত ন্যূনতম ব্যালেন্স যাঁরা রাখতে পারেননি তাঁদের জরিমানা করার মাধ্যমে ব্যাঙ্কের ১৭৭২ কোটি টাকা আয় হয়েছে। এই তথ্য প্রকাশিত হওয়ার পরেই নিয়ম বদলের এই প্রস্তাব হয়েছে।

সূত্রের খবর অনুযায়ী, ন্যূনতম ব্যালেন্স ১০০০ টাকা কমানোর কথা ভাবছে ভারতীয় স্টেট ব্যাঙ্ক। ২০১৭ সালের জুন মাসে ব্যাঙ্কের তরফে ঘোষণা করা হয়, শহরাঞ্চলে সেভিংস অ্যাকাউন্টের ন্যূনতম ব্যালেন্স ৫০০০ টাকা রাখতে হবে। পরে গ্রাহকদের বিক্ষোভের মুখে পড়ে তা কমিয়ে করা হয় ৩ হাজার টাকায়। একই জানানো হয় পেনশন অ্যাকাউন্ট এবং নাবালকদের অ্যাকাউন্টের ক্ষেত্রে ন্যূনতম ব্যালেন্স রাখা বাধ্যতামূলক নয়। কমিয়ে দেওয়া হয় জরিমানার অঙ্কও। শুরুতে ২৫ থেকে ১০০ টাকা পর্যন্ত ছিল, পরে তা কমিয়ে ২০ থেকে ৫০ টাকা করা হয় (জিএসটি ছাড়া)। বর্তমানে ভারতীয় স্টেট ব্যাঙ্কের বিভিন্ন শাখায় মোট ২৭ কোটি সেভিংস অ্যাকাউন্ট রয়েছে।

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির তুলনায় ভারতীয় স্টেট ব্যাঙ্কের ন্যূনতম ব্যালেন্সের অঙ্ক অনেকটাই বেশি। তবে বেসরকারি ব্যাঙ্কের তুলনায় তা অনেকটাই কম। দেশের চারটি বৃহত্তম বেসরকারি ব্যাঙ্ক আইসিআইসিআই, এইচডিএফসি, কোটাক এবং অ্যাক্সিস-এর সেভিংস অ্যাকাউন্টে ন্যূনতম ১০ হাজার টাকা রাখা বাধ্যতামূলক।

বন্ধ হতে চলেছে ওয়ালেট পে-ইউ মানি

নয়াদিল্লি, ৬ জানুয়ারি : বন্ধ হয়ে যাচ্ছে মোবাইল ওয়ালেট পেইউ মানি। ন্যাসপারসের মালিকানাধীন অনলাইন লেনদেনের পে ইউ ইন্ডিয়া চলতি মাসের শেষের দিকেই তাদের ওয়ালেট পরিষেবা বন্ধ করে দিচ্ছে।

মোবাইল ওয়ালেটের টাকা তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ট্রান্সফার করে দেওয়ার জন্য গ্রাহকদের কাছে অনুরোধ করেছে এই কোম্পানি। পে ইউ ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর জীতেন্দ্র গুপ্তা একটি প্রেস নোটে জানিয়েছেন, আরবিএল ব্যাঙ্কের সঙ্গে পার্টনারশিপে চলা পেইউ মানি'কে আমরা বন্ধ করছি। দু'টো ওয়ালেট চালানোর পরিবর্তে আমরা সিট্রাস ওয়ালেটের উপরই বেশি জোর দিতে চাইছি। এতে আরও বেশি গ্রাহককে আকর্ষণ করা যাবে বলে আশা রাখছি। পে ইউ মানি অ্যাপে নোটিফিকেশনে গ্রাহকদের বলা হচ্ছে যে, পেমানিডটকম ওয়েবসাইটের মাধ্যমে গ্রাহকরা বিল পেমেন্ট করতে পারেন। এই অ্যাপের মাধ্যমে কোনও টাকা তোলা হলে তা সরাসরি গ্রাহকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে চলে যাবে বলেও জানানো হয়েছে। এর অর্থ খুব শীঘ্রই গুগল্ প্লে স্টোর থেকেও অ্যাপটি অদৃশ্য হয়ে যাবে।

২০১৬ সালের সেপ্টেম্বর দক্ষিণ আফ্রিকার কোম্পানি ন্যাসপারসের মালিকানাধীন পেইউ প্রায় ৮৬৫ কোটি টাকার বিনিময়ে কিনে নেয় মুম্বইয়ের প্রতিদ্বন্দ্বী সিট্রাস পে'কে। যৌথ এই মোবাইল ওয়ালেটের গ্রাহক সংখ্যা প্রায় ৩ কোটি। ২০১১ সালে সত্যেন কোঠারির হাত ধরে সিট্রাস পে'র জন্ম দেন জিতেন্দ্র গুপ্তা।

দেশজুড়ে বাড়ছে 'রুপে' কার্ড ব্যবহারকারীর সংখ্যা

স্টাফ রিপোর্টার : দেশজুড়ে ডিজিটাল মাধ্যমে লেনদেনের উপর জোর দিচ্ছে কেন্দ্রীয় সরকার। লক্ষ্য ২০২০ সালের মধ্যে দেশের মধ্যে ক্যাশলেস পরিষেবা যতবেশী সম্ভব ছড়িয়ে দেওয়া। কেন্দ্রের এই পরিকল্পনা বাস্তবায়নে কাজ করছে 'ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া' (এনপিসিআই)।

সম্প্রতি এনপিসিআই এর তরফে জানানো হয়েছে, দেশ জুড়ে বাড়ছে তাদের রুপেকার্ড এর ব্যবহার। দেশের মধ্যে প্রায় ৪২৫ মিলিয়ন 'রুপে কার্ড' বিতরণ করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন ডিজিটাল মাধ্যমে রুপে কার্ডের মাধ্যমে লেনদেন বাড়াতে একাধিক অফারও দেওয়া হচ্ছে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে।

এনপিসিআই এর তরফে জানান হয়েছে, 'রুপে কার্ড' এর পাশাপাশি দেশে ক্যাশলেস লেনদেন বাড়াতে 'আইএমপিএস', 'ইউপিআই', 'ভীম', 'ভীম আধার', 'ভারত বিল পে'এর মতো একাধিক পরিষেবা এবং অ্যাপ বাজারে আনা হয়েছে।

BARRACKPORE MUNICIPALITY
B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123
TENDER NOTICE
No. 29/17-18/SFC/T Dated 27.12.2017.
e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible contractor for different development works within the jurisdiction of Barrackpore Municipality. Last date of submission of e-tender: 15.01.2018 up to 10.00 a.m. The detail tender notice may be seen in the Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station and http//www.wbtenders.gov.in
S/d. Uttam Das,
Chairman
Barrackpore Municipality.

BARRACKPORE MUNICIPALITY
B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123
TENDER NOTICE
No. 30/17-18/FCIV/T Dated 27.12.2017.
e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible contractor for different development works within the jurisdiction of Barrackpore Municipality. Last date of submission of e-tender: 15.01.2018 up to 10.00 a.m. The detail tender notice may be seen in the Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station and http//www.wbtenders.gov.in
S/d. Uttam Das,
Chairman
Barrackpore Municipality.

বিভাগীয় প্রধানদের অর্থ অনুমোদনের ক্ষমতা বাড়ছে

স্টাফ রিপোর্টার : রাজ্যের সরকারি দফতরগুলির বিভাগীয় প্রধানদের অর্থ অনুমোদনের ক্ষমতা বাড়ল। এবার থেকে ২০ কোটি টাকা পর্যন্ত প্রকল্পের অনুমোদন দিতে পারবেন বিভাগীয় প্রধানরা। এই নির্দেশিকা জারি করেছে রাজ্যের অর্থ দফতর।

সামনেই পঞ্চায়েত নির্বাচন। তার আগে সাধারণ মানুষের কাছে সরকারি পরিষেবা এবং প্রকল্পগুলিকে দ্রুত পৌঁছে দেওয়ার উদ্যোগ নিল রাজ্য সরকার। লাল ফিতের ফাঁসে অনেক প্রকল্পই চালু হতে দেরি হয়। কেন্দ্রীয় অনুদান এলেও তা ঠিকমতো কাজে লাগানো হয় না।

নবান্ন সূত্রে খবর, এইসব জট কাটাতেই অর্থ দফতর নির্দেশ দিয়েছে, ২০ কোটি টাকা পর্যন্ত প্রকল্পের অনুমোদন দিতে পারবেন বিভাগীয় প্রধানরা।

তেজপুর থেকে ওয়াং পর্যন্ত রেলপথ নির্মাণে সার্ভের কাজ শেষ

আগরতলা, ৬ জানুয়ারি : অসমের তেজপুর থেকে অরুণাচলের তাওয়াং পর্যন্ত রেলপথ নির্মাণের জন্য সার্ভের কাজ শেষ করেছে রেলমন্ত্রক। শুক্রবার আগরতলা থেকে বেঙ্গালুরুগামী হামসফর এক্সপ্রেস চালু হয়। সেই অনুষ্ঠানে উপস্থিত থেকে একথা জানান রেল রাষ্ট্রমন্ত্রী রাজেন গোঁসাই। রাজেনবাবু বলেন, সার্ভের কাজ শেষ হলেও কাজ শুরুর বিষয়ে রেলমন্ত্রক এখনও কোনও সিদ্ধান্ত নেয়নি। তবে এই প্রকল্পের জন্য প্রাথমিক পর্যায়ের আলোচনা হয়ে গেছে। প্রকল্পে মোট বরাদ্দ করা হবে ৬০ হাজার কোটি টাকা। এআরসি নিয়েও মন্তব্য করেন রেল রাষ্ট্রমন্ত্রী। বলেন, অনেক বাংলাদেশি অসমে এসে বিয়ে করে সেখানকার বিভিন্ন কাজগপত্র তৈরি করেছেন।

এআই চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লিঃ
CIN:L51909WB1917PLC002767
রেজি: অফিসঃ ২৫, প্রিন্সেপ স্ট্রিট, কলকাতা-৭০০০৭২
ওয়েবসাইট: www.jute-world.com
ফোন: ০৩৩-২২৩৭৭৮৮০, ফ্যাক্স: ০৩৩-২২৩৬৩৭৫৪
ই-মেল : cil@ho.champdany.co.in
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ১১০ ধারা অনুসারে এবং অন্যান্য কার্যকরী রুল ২২ অফ কোম্পানিজ (পরিচালন এবং প্রশাসন রুলস্) ২০১৪ অনুসারে এআই চাঁপদানি লিমিটেডের তরফ থেকে বিশেষ ব্যবসায়ীক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে পোস্টাল ব্যালটের মাধ্যমে মতামত গ্রহণের জন্য। পোস্টাল ব্যালট ফর্ম ৯ জানুয়ারি, ২০১৮ (সকাল ১০টা থেকে) ৭ ফেব্রুয়ারি, ২০১৮ (বিকাল ৫টা পর্যন্ত) ভোট গ্রহণ করা হবে ইলেকট্রনিক পদ্ধতিতে। এই সময় ও তারিখের পরে প্রস্তাবের পক্ষে কোনও ভোট বৈধ বলে গণ্য করা হবে না।
কোম্পানি ইতিমধ্যেই বিজ্ঞপ্তি পাঠিয়ে দিয়েছে ৬ জানুয়ারি, ২০১৮ তারিখে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.jute-world.com দেখা যাবে। এ ছাড়াও বিজ্ঞপ্তি দেখা যাবে এনএসডিএল-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com এ পাওয়া যাবে। এ ব্যাপারে কোনও জিজ্ঞাস্য কোনও অভিযোগ থাকলে সদস্যরা ফ্রিকোয়েন্টলি আকর্সড কোশ্চেনস্ এবং শেয়ার হোল্ডাররা রিমোট ই-ভোটিংয়ের বিষয়ে জানতে ও এনএসডিএল-এর ওয়েবসাইটে বিস্তারিত বিষয়ে জানতে পারেন ও যোগাযোগ করতে পারেন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার রাজীব রঞ্জন/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার শ্রীমতি পল্লবী মেহতার সঙ্গে, এনএসডিএল, ট্রেড ওয়ার্ল্ড, এ-উইং, ৫ম তল, কমলা মিলস কমপাউন্ড, লোয়ার প্যারেল, মুম্বই-৪০০০১৩ ও টেলিফোন নম্বর ০২২-২৪৯৯৪৭৩৮/০২২-২৪৯৯৪৫৪৫ নম্বরে অথবা টোল ফ্রিনম্বর ১৮০০-২২২-৯৯০ নম্বরে অথবা মেল করুন rajivr@nsdl.co.in/pallavid@nsdl.co.in এবং evoting@nsdl.co.in.
এআই চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে
বি কে চৌধুরী
কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ০৭-০১-২০১৮

নন্দলীলা চ্যারিটেবল ফাউন্ডেশনের পক্ষ থেকে শারীরিক প্রতিবন্ধীদের চিকিৎসায় ব্যস্ত ডঃ বরুণ কুমার সরকার।

TENDER INVITING NOTICE
Office of the
RAMPURHAT MUNICIPALITY
RAMPURHAT BIRBHUM
Chairman Rampurhat Municipality as invite e-Quotation for **Obtain a rate from manufacturer of DI pipes for supplying of DI pipe for one year period of Rampurhat Municipality Rampurhat Birbhum** vide ref. memo no.-611 Dated-05/01/2018 WB /UD & MAD/RM/e.NIQ- 07/RM/2017-18 Details can be had in the official web site of e-tenders https://wbtenders.gov.in
Sd/- Ashini Tewary
Chairman
Rampurhat Municipality
Rampurhat, Birbhum.

TENDER INVITING NOTICE
Office of the
RAMPURHAT MUNICIPALITY
RAMPURHAT BIRBHUM
Chairman Rampurhat Municipality as invited e-Tender for **Const. of 2 nos pump house (5.4x3.6x4mt height) Building with sanitary and water supply arrangement at jhanjhania for augmentation and rejuvanisation of Rampurhat Water supply scheme within Rampurhat Municipality** vide ref memo no.-612 Dated-05/01/2018, WB/UD&MAD/RM/e.NIT- 22/RM/2017-18 (2nd Call) Details can be had in the official web site of e-tenders https://wbtenders.gov.in .
Sd/-Ashini Tewary
Chairman
Rampurhat Municipality
Rampurhat, Birbhum.